

তারিখ : ০১ জানুয়ারি, ২০২৬ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার জন্য দোয়া



সদ্যপ্রয়াত সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার আত্মার মাগফিরাত কামনা করে পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (পিবিপ্রবি) অদ্য ০১ জানুয়ারি ২০২৬ খ্রি. বৃহস্পতিবার সকাল ১১:০০ টায় দোয়া ও মোনাজাতের আয়োজন করা হয়েছে।

একাডেমিক ভবনে অবস্থিত লাইব্রেরিতে অনুষ্ঠিত দোয়ায় বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মো. শহীদুল ইসলাম, বিজ্ঞান অনুষদের ডিন ড. আকতার হোসেন, বিভাগীয় প্রধানগণ, অন্যান্য শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ অংশ নেন। অনুষ্ঠান পরিচালনা করেন গণিত বিভাগের চেয়ারম্যান ড. মো. মোশাররফ হোসেন।

পিরোজপুর কেন্দ্রীয় মসজিদের খতিব মাওলানা যুবায়েদ আহমাদ দোয়া ও মোনাজাত পরিচালনা করেন। মরহুমা খালেদা জিয়ার জীবনের সকল ভুল-ত্রুটি ক্ষমা করে মহান আল্লাহ যেন তাঁকে জান্নাতুল ফেরদৌস নসিব করেন সেজন্য ফরিয়াদ জানানো হয়। এছাড়াও মোনাজাতে দেশ ও জাতির শান্তি, সমৃদ্ধি কামনা করা হয়।

দোয়া অনুষ্ঠানের শুরুতে মাননীয় উপাচার্য বলেন, খালেদা জিয়ার জানাজায় ব্যাপক লোক সমাগমই প্রমাণ করে তিনি কতটা জনপ্রিয় ছিলেন। জিয়াউর রহমানকে হত্যার পর বেগম খালেদা জিয়াকে অনেকটা বাধ্য হয়েই রাজনীতিতে প্রবেশ করতে হয়েছিল। একজন গৃহবধূ থেকে একটি দলকে তিনি যেভাবে নেতৃত্ব দিয়েছেন তা উদাহরণ হয়ে থাকবে। মাননীয় উপাচার্য আরও বলেন, খালেদা জিয়া সর্বক্ষেত্রে ছিলেন আপসহীন। তিনি কখনও কারো সাথে কোনো অপস করেননি। দেশের স্বার্থকে তিনি সবসময় প্রাধান্য দিয়েছেন। এছাড়া তিনি একজন শিক্ষাবান্ধব সরকারপ্রধান ছিলেন। শিক্ষকসহ সবাইকে তিনি সম্মান করে কথা বলতেন। তাঁর মৃত্যু দেশের জন্য এক অপূরণীয় ক্ষতি।

এছাড়া শিক্ষার্থীরা বেগম খালেদা জিয়ার নেতৃত্ব ও অন্যান্য গুণাবলির ওপর আলোকপাত করেন। তারা বলেন, বেগম খালেদা জিয়া তাঁর আপসহীন নেতৃত্ব ও দেশপ্রেমের কারণে অনুকরণীয় দৃষ্টান্ত হয়ে থাকবেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

স্বা/-

(মুশাহিদ হোসেন তালুকদার)

প্রকাশনা ও জনসংযোগ দপ্তর

প্রয়োজনে: ০১৫২১-২১১৩৬৩